প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৮৪: যে ব্যক্তি আল্লাহ্‌র সাথে বা আল্লাহ্‌র কোনো আয়াতের সাথে বা তাঁর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে অথবা ইসলামের সাথে ঠাট্টা করে, তার হুকুম কি?

যে ব্যক্তি এগুলির কোনো একটির সাথে ঠাট্টা করবে, সে কাফের হয়ে যাবে। এরশাদ হচ্ছে,

﴿قُلۡ أَبِٱللَّهِ وَءَايَٰتِهِۦ وَرَسُولِهِۦ كُنتُمۡ تَسۡتَهۡزِءُونَ ٦٥ لَا تَعۡتَذِرُواْ قَدۡ كَفَرۡتُم بَعۡدَ إِيمَٰنِكُمۡ﴾ [التوبة: ٦٥، ٦٦]

“আপনি বলুন, তোমরা কি আল্লাহ্‌র সাথে, তাঁর আয়াতের সাথে এবং তাঁর রাসূলের সাথে ঠাট্টা করতে? ওযর পেশ করো না, নিশ্চয় তোমরা ঈমান আনয়নের পর কাফের হয়ে গেছ” (তাওবাহ ৬৫-৬৬)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1568

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন